অধ্যক্ষের কার্যালয়

# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর

ফোন : ০৮৪১-৬৩১৪৩, মোবাইল নং: ০১৭৩০-৫৮৮৮৭৩

ই-মেইল: chandpurgovtcollege@yahoo.com, ওয়েব সাইট : www.chandpurcollege.edu.bd

স্মারক নং                                                    তারিখ: ০৬।০৭।২০২৩

## বিজ্ঞপ্তি নং- ১০৯

অত্র কলেজের দ্বাদশ শ্রেণির (২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী) শিক্ষার্থীদের মধ্যে যারা দ্বাদশ নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং পরীক্ষার ফরমপূরণের জন্য নির্বাচিত হয়েছে, তাদের ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার (নিয়মিত/অনিয়মিত/ প্রাইভেট/জিপিএ উন্নয়ন) ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো :

১। ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহনেচ্ছুক শিক্ষার্থীগণকে কলেজের ক্যাশ শাখায় স্থাপিত রূপালী ব্যাংকের বিশেষ কাউন্টারে নিম্নবর্ণিত তারিখে ফরমপুরণ ফি জমা দিয়ে ফরমপূরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

| শাখা | তারিখ | সময় |
|---|---|---|
| বিজ্ঞান শাখা | ০৯/০৭/২০২৩ খ্রি. | সকাল ১০টা হতে দুপুর ১টা পর্যন্ত |
| ব্যবসায় শিক্ষা শাখা | ১০/০৭/২০২৩ খ্রি. | |
| মানবিক শাখা | ১১/০৭/২০২৩ খ্রি. | |

**পরীক্ষার ফিসের হিসাব**

| ফিসের বিবরণ | বিজ্ঞান বিভাগ | ব্যবসায় শিক্ষা বিভাগ | মানবিক বিভাগ (ভূগোল ছাড়া) | মানবিক বিভাগ (ভূগোল সহ) |
|---|---|---|---|---|
| ক) নিয়মিত | ২৭৩০/- | ২১৭০/- | ২১৭০/- | ২৩১০/- |
| খ) অনিয়মিত (যারা পূর্বে পরীক্ষা দিয়েছে ) | ২৭৩০/- | ২১৭০/- | ২১৭০/- | ২৩১০/- |
| গ) অনিয়মিত (যারা পূর্বে পরীক্ষা দেয়নি ) | ২৮৩০/- | ২২৭০/- | ২২৭০/- | ২৪১০/- |
| ঘ) জিপিএ উন্নয়ন | ২৮৩০/- | ২২৭০/- | ২২৭০/- | ২৪১০/- |
| ঙ) এক বিষয় (ব্যবহারিক ছাড়া) | ৮৯০/- | ৮৯০/- | ৮৯০/- | ১০৩০/- |
| চ) এক বিষয় (ব্যবহারিকসহ) | ১০৩০/- | ৯৬০/- | | |
| ছ) দুই বিষয় (ব্যবহারিক ছাড়া) | ১১১০/- | ১১১০/- | ১১১০/- | ১২৫০/- |
| জ) দুই বিষয় (ব্যবহারিকসহ) | ১৩৯০/- | ১১৮০/- | | |
| ঝ) প্রাইভেট | -- | ২৩২০/- | ২৩২০/- | -- |

২। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :

ক) নিয়মিত : ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) অনিয়মিত : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ হতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের মধ্যে যারা পূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) জিপিএ উন্নয়ন : ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী জিপিএ- ৫.০০ এর কম পেয়েছে শুধুমাত্র সে সকল পরীক্ষার্থী জিপিএ উন্নয়নের জন্য ২০২৩ সালের পরীক্ষায় জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এ ক্ষেত্রে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের সকল বিষয়ে অংশগ্রহণ করতে হবে।

ঘ) প্রাইভেট : ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য প্রাইভেট রেজিস্ট্রেশনধারী ছাত্র-ছাত্রীগণ প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে এবং যারা ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে শুধুমাত্র ১ বিষয়ে অকৃতকার্য হয়েছে, তারা রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৩। এক বা দুই বিষয়ের পরীক্ষার্থী :

যে সকল পরীক্ষার্থী ২০২১/২০২২ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার জন্য নির্ধারিত সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৪। সিলেবাস: ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষার্থীরা (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরীক্ষার সময় ৩.০০ ঘন্টা।

**বি:দ্র: পরীক্ষার ফরমপূরণের সময় অবশ্যই রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং সেশন ফি জমাদানের রশিদ সঙ্গে জমা দিতে হবে।**

০৬।০৭।২০২৩

(প্রফেসর অসিত বরণ দাশ)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি:

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

২। কলেজ ওয়েব সাইট (www.chandpurcollege.edu.bd), নোটিশ বোর্ড এবং দ্বাদশ শ্রেণির ফেইসবুক গ্রুপ পেইজ।

৩। অফিস নথি।

CamScanner